



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০২৫.৫০.০০৩.২২-২৯২


তারিখ: ১৪ ভাদ্র, ১৪২৯  
২৯ আগস্ট, ২০২২

## গণবিজ্ঞপ্তি

**বিষয়: রাজনৈতিক দল নিবন্ধনের জন্য আবেদন জমা দেয়ার সময় বৃদ্ধি প্রসঙ্গে।**

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ৯০ক এর অধীন নিবন্ধন করতে ইচ্ছুক এবং রাজনৈতিক দল নিবন্ধন বিধিমালা, ২০০৮-এ উল্লিখিত শর্তাবলী পূরণে সক্ষম রাজনৈতিক দলসমূহকে বিধিমালায় সংযোজিত ফরম-১ [নির্বাচন কমিশন প্রদত্ত নির্দেশিকা মোতাবেক] পূরণপূর্বক ২৯ আগস্ট, ২০২২ তারিখের মধ্যে নিবন্ধনের জন্য আবেদন করার আহ্বান জানিয়ে নির্বাচন কমিশন সচিবালয়ের ১৭.০০.০০০০.০২৫.৫০.০০৩.২২-১৮৯ স্মারকমূলে ২৬ মে, ২০২২ তারিখ গণবিজ্ঞপ্তি জারি করা হয়। উক্ত গণবিজ্ঞপ্তি নির্বাচন কমিশনের ওয়েব সাইটসহ ২৭ মে, ২০২২ তারিখে কতিপয় দৈনিক পত্রিকায় প্রকাশিত হয়। তৎপ্রেক্ষিতে কতিপয় অনিবন্ধিত রাজনৈতিক দলের আবেদনের প্রেক্ষিতে মাননীয় নির্বাচন কমিশন ৩০ অক্টোবর, ২০২২ তারিখ পর্যন্ত সময় সীমা বৃদ্ধি করেন। বর্ধিত সময় সীমার মধ্যে আগ্রহী অনিবন্ধিত রাজনৈতিক দলসমূহকে নিবন্ধনের জন্য আবেদন করার আহ্বান জানানো যাচ্ছে। উল্লেখ্য যে, ২৬ মে, ২০২২ তারিখে প্রকাশিত গণবিজ্ঞপ্তির শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

  
(অশোক কুমারি দেবনাথ)  
দায়িত্বপ্রাপ্ত সচিব